গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২১২/২০১৮-২০১৯
ঢাকা, বৃহস্পতিবার ৯ মে ২০১৯, ২৬ বৈশাখ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মুক্তিযোদ্ধা ভাতা দেওয়া হবে অনলাইনে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
২। শাহবাগ থানা থেকে অস্ত্র-গুলি চুরির ঘটনায় পুলিশের অবহেলা থাকলে ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী
৩। তারেক রহমানকে দেশে ফিরিয়ে এনে রায় কার্যকর করার চেষ্টা চলছে : তথ্যমন্ত্রী
৪। যুব সমাজকে মানবতার সেবায় আত্মনিয়োগে উদ্বুদ্ধ করতে হবে : বিশ্ব রেডক্রস ও রেডক্রিসেন্ট দিবসের অনুষ্ঠানে আইনমন্ত্রী
৫। ফ্ল্যাট নির্মাণ প্রকল্পসহ ১১ ক্রয়প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন
৬। আগামী বাজেট থেকে দেশের সব মানুষ উপকৃত হবে : অর্থমন্ত্রী
৭। বিনিয়োগকারীদের জন্য ১০০ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলা হচ্ছে : পরিকল্পনামন্ত্রী
৮। বাংলাদেশে সমুদ্রবন্দর নির্মাণে আগ্রহী সৌদি গ্রুপ
৯। বিএনপি মহাসচিব মির্জা ফখরুলের শূন্য আসনে ভোট আগামী ২৪ জুন
১০। সংরক্ষিত মহিলা আসনে ভোট আগামী ১৬ জুন
১১। রোহিঙ্গাদের সহায়তায় বিশ্বব্যাংকের সঙ্গে ১৩৮২ কোটি টাকার অনুদান চুক্তি
১২। রোহিঙ্গা সমস্যা সমাধানে চীন ইতিবাচক ভূমিকা পালন করবে : চীনা রাষ্ট্রদূত
১৩। পরমাণু বিজ্ঞানী ড. ওয়াজেদ মিয়ার মৃত্যুবার্ষিকী আজ

চলমান পাতা-২

১। **মুক্তিযোদ্ধা ভাতা দেওয়া হবে অনলাইনে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, আগামী অর্থবছর থেকে মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা অনলাইনে দেওয়া হবে। এ জন্য শীঘ্রই মুক্তিযোদ্ধাদের ডিজিটাল কার্ড দেবে সরকার। গতকাল (৮ মে বুধবার) পরিবহণ পুল ভবনের কাছে সচিবালয় লিংক রোডে সপ্তাহব্যাপী সেবা সপ্তাহের উদ্বোধনকালে সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মুক্তিযুদ্ধমন্ত্রী বলেন, মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা সরাসরি তাদের নিজ নিজ ব্যাংক হিসাবে দিতে কাজ করছে সরকার। বর্তমান সরকার পুরো দেশকে ডিজিটাল করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই অংশ হিসেবে মুক্তিযোদ্ধাদের সেবা সহজে ও ঝামেলামুক্তভাবে প্রদানে কাজ করছে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭)।

২। **শাহবাগ থানা থেকে অস্ত্র-গুলি চুরির ঘটনায় পুলিশের অবহেলা থাকলে ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী**

রাজধানীর শাহবাগ থানা থেকে অস্ত্র-গুলি চুরি যাওয়ার ঘটনায় পুলিশ কর্মকর্তার অবহেলা থাকলে আইন অনুযায়ী তাকে বিচারের মুখোমুখি হতে হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন। গতকাল (৮ মে বুধবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে কোস্টগার্ডের ইফতার মাহফিলের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **যুগান্তর** (পৃ.১৭,ক.৫),**ভোরের কাগজ** (পৃ.২,ক.১)।

৩। **তারেক রহমানকে দেশে ফিরিয়ে এনে রায় কার্যকর করার চেষ্টা চলছে : তথ্যমন্ত্রী**

তারেক রহমানকে দেশে ফিরিয়ে এনে রায় কার্যকর করার চেষ্টা চলছে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ। গতকাল (৮ মে বুধবার) জাতীয় প্রেসক্লাবের আবদুস সালাম হলে বাংলাদেশ স্বাধীনতা পরিষদ আয়োজিত 'অগ্নিকন্যা প্রীতিলতা ওয়াদ্দেদারের ১০৯তম জন্মবার্ষিকী' শীর্ষক আলোচনাসভায় তিনি একথা বলেন। তথ্যমন্ত্রী আরো বলেন, তারেক রহমান বাংলাদেশে বিশৃঙ্খলা চালানোর অপচেষ্টা করছে। তাঁর  ভুল সিদ্ধান্তের ফলেই আজ ২০ দলীয় জোট থেকে দলগুলো পালাতে শুরু করেছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৪। **যুব সমাজকে মানবতার সেবায় আত্মনিয়োগে উদ্বুদ্ধ করতে হবে :**
**বিশ্ব রেডক্রস ও রেডক্রিসেন্ট দিবসের অনুষ্ঠানে আইনমন্ত্রী**

আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী আনিসুল হক বলেছেন, আর্তমানবতার সেবায় নিয়োজিত করতে আমাদের যুব সমাজকে উদ্বুদ্ধ করতে হবে। উদ্বুদ্ধকরণের মাধ্যমে যুবসমাজকে আর্তমানবতার সেবায় নিয়োজিত করা গেলে আমাদের সামাজিক অপরাধসমূহ কমে যাওয়ার পাশাপাশি সমাজে শান্তি-শৃঙ্খলা ফিরে আসবে। সামাজিক বন্ধনও সুদৃঢ় হবে। কারণ, মানবতার কল্যাণে নিবেদিত ব্যক্তিরা সামাজিক অপরাধ করতে পারে না। গতকাল (৮ মে বুধবার) রাজধানীর হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ মিলনায়তনে বিশ্ব রেডক্রস ও রেড ক্রিসেন্ট দিবস-২০১৯ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

৫। **ফ্ল্যাট নির্মাণ প্রকল্পসহ ১১ ক্রয়প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন**

মিরপুরে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য ১১৩ কোটি টাকা ব্যয়ে ৮৩২টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্পসহ মোট **১১** ক্রয়প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এছাড়া খাদ্য নিরাপত্তা জোরদারে রাশিয়া থেকে **১** লাখ টন গম আমদানি করা হবে। গতকাল (৮ মে বুধবার) সচিবালয়ে ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এসব প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.৬)।

৬। **আগামী বাজেট থেকে দেশের সব মানুষ উপকৃত হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, রাজস্ব আহরণের ওপর নির্ভর করে চলমান বড় প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হবে। এ প্রকল্পগুলো বাস্তবায়ন হলে দেশের সব মানুষ উপকৃত হবে। আমরা চাই দরিদ্ররা সুন্দর জীবনযাপন পেতে পারে এমন বাজেটে। বাজেট প্রণয়ন করার চেয়ে বাস্তবায়ন বড় চ্যালেঞ্জ। জনগণকে এবারের বাজেটে অগ্রাধিকার দেওয়া হবে। আগামী বাজেট থেকে দেশের সব মানুষ উপকৃত হবে। ব্যাংকিং ও শেয়ার বাজার সেক্টরসহ দেশের সব বিভাগ নিয়ে হবে এবারের বাজেট। গতকাল (৮ মে বুধবার) সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভাশেষে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.৮), **নিউ নেশন** (পৃ.১৩,ক.৪)।

**৭। বিনিয়োগকারীদের জন্য ১০০ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলা হচ্ছে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, ব্যবসা শুরু করার প্রক্রিয়া (ইজি অব ডুয়িং বিজনেস সূচক) আরও সহজ করার উদ্যোগ নিয়েছে সরকার। এরই মধ্যে কাজও শুরু হয়েছে। বিদ্যুৎ উৎপাদনে বাংলাদেশ অনেক এগিয়েছে। বিনিয়োগকারীদের জন্য ভূমি জটিলতা দূর করতে ১০০ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলা হচ্ছে। অবকাঠামো উন্নয়নে বেশ কিছু বড় প্রকল্পের বাস্তবায়ন কাজ চলছে। এর মাধ্যমে বিনিয়োগ পরিবেশ আরও উন্নত হবে বলে আশা করা হচ্ছে। গতকাল (৮ মে বুধবার) শেরেবাংলা নগরে নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত হ্যারি ভারওয়ে এর সঙ্গে সাক্ষাৎকালে পরিকল্পনামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **ইনকিলাব** (পৃ.১১,ক.১)।

**৮। বাংলাদেশে সমুদ্রবন্দর নির্মাণে আগ্রহী সৌদি গ্রুপ**

বাংলাদেশে সমুদ্রবন্দরে বিনিয়োগ করতে আগ্রহ প্রকাশ করেছে সৌদি পোর্ট অপারেটর অ্যান্ড ইনভেস্টমেন্ট গ্রুপ রেড সি গেটওয়ে টার্মিনাল (আরএসজেটি)। বাংলাদেশের চট্টগ্রাম মংলা ও পায়রা বন্দর এবং টার্মিনালখাতে বিনিয়োগ করতে চায় দেশটি। গতকাল (৮ মে বুধবার) নৌ-পরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরীর সঙ্গে মন্ত্রণালয়ের সভাকক্ষে আরএসজেটি'র সহযোগী পরিচালক হাসান আল তাহাত সাক্ষাৎকালে এ আগ্রহ প্রকাশ করেন। এ সময় প্রতিমন্ত্রী সৌদি বিনিয়োগকে স্বাগত জানিয়ে বলেন, বাংলাদেশের বন্দর ও টার্মিনালখাতে সৌদি আরবের বিনিয়োগ একটি মাইলফলক হয়ে থাকবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে সৌদি-বাংলাদেশ অর্থনৈতিক সম্পর্ক আরও বেশি শক্তিশালী হবে। সূত্র **: সংবাদ** (পৃ.৪,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

**৯। বিএনপি মহাসচিব মির্জা ফখরুলের শূন্য আসনে ভোট আগামী ২৪ জুন**

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর শপথ না নেওয়ায় শূন্য হওয়া বগুড়া-৬ আসনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। সেখানে ভোট হবে আগামী ২৪ জুন। একই সঙ্গে বিএনপির পাঁচ এমপি শপথ নেওয়ায় আনুপাতিক হারে তাদের পাওয়া একটি সংরক্ষিত নারী আসনেরও তফসিল ঘোষণা করা হয়েছে। গতকাল (৮ মে বুধবার) ইসি কার্যালয়ের সচিব হেলালুদ্দীন আহমদ সংবাদসম্মেলনে এ তফসিল ঘোষণা করেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮)।

**১০। সংরক্ষিত মহিলা আসনে ভোট আগামী ১৬ জুন**

জাতীয় সংসদের সংরক্ষিত একটি মহিলা আসনে নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। ঘোষিত তফসিল অনুযায়ী, রিটার্নিং কর্মকর্তার কাছে মনোনয়নপত্র জমা ২০ মে, বাছাই ২১ মে, প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ২৮ মে ও ভোট ১৬ জুন। ইসি সচিব হেলালুদ্দীন আহমদ গতকাল (৮ মে বুধবার) এ তফসিল ঘোষণা করেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

**১১। রোহিঙ্গাদের সহায়তায় বিশ্বব্যাংকের সঙ্গে ১৩৮২ কোটি টাকার অনুদান চুক্তি**

জরুরি ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি সেক্টর শীর্ষক প্রকল্পে ১৬৫ মিলিয়ন মার্কিন ডলার বা এক হাজার ৩৮২ কোটি ২৯ লাখ টাকা অনুদান দিচ্ছে বিশ্বব্যাংক। এ লক্ষ্যে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (আইডিএ) মধ্যে অর্থায়ন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গতকাল (৮ মে বুধবার) শেরেবাংলা নগরের ইআরডি সম্মেলনকক্ষে বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব মনোয়ার আহমেদ এবং বিশ্বব্যাংকের ঢাকা অফিসের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর ড্যানডান চ্যান চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র **: ইত্তেফাক (**পৃ.১৮,ক.৭**),** **সম**কাল (পৃ.১২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭)।

**১২। রোহিঙ্গা সমস্যা সমাধানে চীন ইতিবাচক ভূমিকা পালন করবে : চীনা রাষ্ট্রদূত**

বাংলাদেশে চীনা রাষ্ট্রদূত ঝ্যাং জুও বলেছেন, রোহিঙ্গা সমস্যা সমাধানে চীন ইতিবাচক ও গঠনমূলক ভূমিকা পালন করবে। বাংলাদেশ ও মিয়ানমার দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে রোহিঙ্গা প্রত্যাবাসনের জন্য আলোচনা করে যাচ্ছে। চীন আশা করে এ প্রক্রিয়া সুন্দরভাবে সম্পন্ন হবে। গতকাল (৮ মে বুধবার) ঢাকায় স্থানীয় একটি হোটেলে এক প্রেস ব্রিফিং এ চীনা রাষ্ট্রদূত এসব কথা বলেন। **সূত্র : ইত্তেফাক (**পৃ.১৯,ক.৮**), সমকাল (**পৃ.২,ক.৬**), ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

**১৩। পরমাণু বিজ্ঞানী ড. ওয়াজেদ মিয়ার মৃত্যুবার্ষিকী আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বামী পরমাণু বিজ্ঞানী ড. এম এ ওয়াজেদ মিয়ার দশম মৃত্যুবার্ষিকী আজ (৯ মে বৃহস্পতিবার)। ২০০৯ সালের ৯ মে তিনি মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুবার্ষিকী উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বাণী দিয়েছেন। বাণীতে রাষ্ট্রপতি বলেন, বিজ্ঞানমনস্ক জাতি গঠনে ড. এম এ ওয়াজেদ মিয়ার আদর্শ নতুন প্রজন্মের পাথেয় হয়ে থাকবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ (শেষ** পৃ,ক.৮**), অবজারভার** (পৃ.১৩,ক.১), **নিউ এজ** (পৃ.২,ক.১)।

**সম্পাদকীয়**

**ক. ইত্তেফাক, অবজারভার :** রমজানে খাদ্যে ভেজাল প্রতিরোধে বাজার মনিটরিং ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ।

**খ. সংবাদ, সমকাল, যুগান্তর, ইত্তেফাক, যায়যায়দিন, নিউ এজ :** কিশোরগঞ্জের কটিয়াদীতে গণপরিবহণে নার্সকে ধর্ষণের পর হত্যার ঘটনায় গণপরিবহণে নারীদের চরম নিরাপত্তাহীন অবস্থা তুলে ধরে এ ঘটনার দ্রুতবিচার করে অভিযুক্তদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতকরাসহ এ ধরণের অপরাধের পুনরাবৃত্তিরোধের আহ্বান।

**গ. যুগান্তর, নিউ নেশন :** রাষ্ট্রায়ত্ত পাটকল শ্রমিকদের আন্দোলনের বিষয় গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে জরুরি ভিত্তিতে বিষয়টি সুরাহা করার সুপারিশ।

**ঘ. বণিক বার্তা :** সারা দেশে প্রায় আট হাজার প্রাথমিক বিদ্যালয় ভবন ঝুঁকিপূর্ণ থাকায় বিদ্যালয় ভবন নিরাপদ করতে হাইকোর্টের নির্দেশ মেনে ঝুঁকিপূর্ণ ভবনগুলো দ্রুত সংস্কার করার আহ্বান।

**ঙ. ইন্ডিপেনডেন্ট :** অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে মাত্র নির্ধারিত **১০**টি বিষয় পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত থাকার বিষয় তুলে ধরে বিশ্বমানের সাথে সামঞ্জস্য রক্ষার্থে এসব বিশ্ববিদ্যালয়ে পাঠ্যসূচি বাড়ানোসহ শিক্ষার মানোন্নয়নের ও শিক্ষার পরিবেশ উন্নত করার প্রত্যাশা।

**চ. ডেইলি সান :** রেল চলাচলের সময় পাথর নিক্ষেপের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

**ছ. নিউজ টুডে :** জনদুর্ভোগ লাঘবে ওয়াসার সরবরাহকৃত পানি নিরাপদ করার ব্যবস্থা গ্রহণের আহ্বান।

**উপসম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, অধিক পরিমাণে অপুষ্টিতে ভোগা অঞ্চলে সামাজিক নিরাপত্তা কর্মসূচিসহ অন্যান্য কর্মসূচি বাস্তবায়ণের মাধ্যমে পুষ্টির অভাব হ্রাস করা হলে বৈশ্বিক খাদ্যনিরাপত্তা সূচকে বাংলাদেশের অবস্থানের আরো উন্নতি ঘটবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'মাদকের বিরুদ্ধে প্রয়োজন সামাজিক প্রতিরোধ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, মাদকের অভিশাপ থেকে মুক্তি পেতে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার পাশাপাশি পারিবারিক নজরদারির ব্যাপারে সর্বদা সর্তক থাকতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা